গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০১৮.০২৯.০০.০০.০১৩.২০১২(অংশ-১)- ৩২৯ তারিখ ঃ ১৯ ফাল্গুন ১৪২২ / ০২ মার্চ ২০১৬

পরিপত্র

স্থানীয় সরকার বিভাগের সরাসরি তত্ত্বাবধানে বাস্তবায়নাধীন ''সেকেন্ড লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-২) এবং ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রজেক্ট (ইউপিজিপি) এর মূল উদ্দেশ্য স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে স্থানীয় সরকারের সর্বনিম্ন প্রতিষ্ঠান ইউনিয়ন পরিষদকে শক্তিশালী ও স্বাবলম্বী করে তোলা। এ লক্ষ্যে প্রকল্পটি হতে প্রতি বছর মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) এবং দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি)/বর্ধিত থোক বরাদ্দ (ইপিবিজি) বাবদ অর্থ ইউনিয়ন পরিষদসমূহকে সরাসরি প্রদান করা হয়ে থাকে; যা দ্বারা জন অংশগ্রহণের (People's Participation) মাধ্যমে ইউনিয়ন পরিষদসমূহ স্কিম বাছাই ও বাস্তবায়ন করে। এরূপ ব্যবস্থায় সামগ্রিকভাবে ইউনিয়ন পরিষদসমূহের প্রতি জন-আস্থা বৃদ্ধি পাচ্ছে; যার ফলে ইউনিয়ন পরিষদসমূহের কর্মক্ষমতা ও দক্ষতা বৃদ্ধি পাচ্ছে এবং জনগণের মধ্যে মালিকানাবোধ (sense of ownership) গড়ে উঠেছে। দেশে ৪,২৭৫ (চার হাজার দুইশত পচাত্তর) টি ইউনিয়ন পরিষদের নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশন মার্চ, ২০১৬ হতে জুন, ২০১৬ পর্যন্ত ৬টি পর্যায়ে ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠানের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। ইতোমধ্যে প্রথম পর্যায়ে ৭৩৮টি ইউনিয়ন পরিষদের জন্য ভোটগ্রহণের তারিখ ২২ মার্চ, ২০১৬ এবং দ্বিতীয় পর্যায়ে ৬৮৪টি ইউনিয়ন পরিষদের জন্য ভোটগ্রহণের তারিখ ৩১ মার্চ, ২০১৬ নির্ধারণ করে সময়সূচী ঘোষণা করা হয়েছে। পরবর্তীতে পর্যায়ক্রমে অবশিষ্ট ইউনিয়ন পরিষদসমূহের সাধারণ নির্বাচনের সময়সূচী ঘোষণা করা হবে।

সেকেন্ড লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-২) এর আওতায় চলতি ২০১৫-২০১৬ অর্থ বছরে মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) এর ১ম কিস্তির অর্থ ১৫/১১/২০১৫ তারিখে এবং পরবর্তীতে দক্ষতা ভিত্তিক বরাদ্দ (পিবিজি) বাবদ অর্থ ইউনিয়ন পরিষদের ব্যাংক হিসাবে ছাড় করা হয়েছে। কোন কোন ইউনিয়ন পরিষদে মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) ১ম কিস্তির অর্থ এখনও অব্যয়িত রয়েছে এবং সম্প্রতি ছাড়কৃত দক্ষতা ভিত্তিক বরাদ্দের অর্থ দ্বারা স্কিম বাস্তবায়ন শীঘ্রই শুরু হবে। এ ছাড়াও মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) ২য় কিস্তির অর্থও খুব শীঘ্রই ছাড় করা হবে। এছাড়া ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রকল্পের আওতায় দক্ষতা ভিত্তিক বর্ধিত থোক বরাদ্দ (পিবিজি) স্থানান্তর করা হচ্ছে।

ইউনিয়ন পরিষদ সাধারণ নির্বাচন তফসিল ঘোষণার পরিপ্রেক্ষিতে ইউনিয়ন পরিষদ কর্তৃক এলজিএসপি-২ এর অব্যয়িত অর্থ ব্যয় এবং ২০১৫-২০১৬ অর্থ বছরের মৌলিক থোক বরাদ্দ (বিবিজি) এবং ইউপিজিপি-র ইপিবিজির অর্থ প্রদান করা হলে একদিকে যেমন উক্ত অর্থ দ্বারা ভোটারদেরকে প্রভাবিত করার সম্ভাবনা দেখা দিবে। অপরদিকে অর্থছাড় না করা হলে বৈদেশিক সাহায্যের একটি উল্লেখযোগ্য অংশ অব্যয়িত থেকে যাবে এবং উন্নয়ন কর্মসূচি ব্যাহত হবে। এ প্রেক্ষাপটে ইউনিয়ন পরিষদসমূহে এলজিএসপি-২ ও ইউপিজিপি হতে এ যাবত ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ এবং ২০১৫-২০১৬ অর্থ বছরের বিবিজি পিবিজি/ইপিবিজি-র অর্থ প্রকল্প বাস্তবায়ন নীতিমালার আলোকে যথাযথভাবে ব্যয় করা এবং বরাদ্দকৃত অর্থের সকল প্রকার অপব্যয় ও অপব্যবহার রোধকল্পে নিম্নরূপ নির্দেশাবলী জারি করা হলো ঃ

১। নির্বাচনী তফসীল ঘোষিত হয়েছে এরূপ ইউনিয়নের জন্য ঃ

বাংলাদেশ গেজেট অতিরিক্ত সংখ্যা ফেব্রুয়ারি ১০, ২০১৬ এ প্রকাশিত প্রজ্ঞাপনে ইউনিয়ন পরিষদ (নির্বাচন আচরণ) বিধিমালা-২০১৬ এর অনুচ্ছেদ ২৫ মোতাবেক ঃ

(১) ''নির্বাচন পূর্ব সময়ে কোন সরকারি, আধা-সরকারি, ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে রাজস্ব বা উন্নয়ন তহবিলভুক্ত কোন প্রকল্পের অনুমোদন, ঘোষণা বা ভিত্তিপ্রস্তর স্থাপন কিংবা ফলক উন্মোচন করা যাইবে না।''

(২) ''নির্বাচন পূর্ব সময়ে কোন সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি সরকারি বা আধা-সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের তহবিল হইতে কোন ব্যক্তি বা গোষ্ঠি বা প্রতিষ্ঠানের অনুকূলে কোন প্রকার অনুদানের ঘোষণা বা বরাদ্দ প্রদান বা অর্থ অবমুক্ত করিতে পারিবে না।''

(৩) ''নির্বাচন-পূর্ব সময়ে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা সদস্য বা অন্য কোন পদাধিকারী সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এলাকায় উন্নয়নমূলক কোন প্রকল্প অনুমোদন বা ইতোপূর্বে অনুমোদিত কোন প্রকল্পে অর্থ অবমুক্ত বা প্রদান করিতে পারিবেন না'

উপরে বর্ণিত নির্দেশগত বাধ্যবাধকতা অনুসরণের লক্ষ্যে নিম্ন-বর্ণিত পদক্ষেপ গ্রহন করতে হবে ঃ

(ক) **অর্থ ছাড় ঃ** নির্বাচন কমিশন বাংলাদেশ কর্তৃক প্রজ্ঞাপনে বর্নিত নিষেধাজ্ঞার কারণে নির্বাচনে অংশগ্রহনে আগ্রহী কোন ব্যক্তি কোন অর্থ ছাড় করতে পারবেন না। কিন্তু এলজিএসপি-২ ও ইউপিজিপি ব্যাংক হিসাব পরিচালিত হয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, মহিলা সদস্য (সংরক্ষিত) এবং সচিবের যৌথ স্বাক্ষরে। বর্তমান পরিবর্তিত পরিস্থিতিতে জনপ্রতিনিধিদের স্বাক্ষরে অর্থ ছাড় করা হলে তা নির্বাচন কমিশন জারীকৃত প্রজ্ঞাপনের পরিপন্থি হবে। এতদ্প্রেক্ষিতে, এলজিএসপি-২ ও ইউপিজিপি এর ব্যাংক হিসাব ইউপি সচিবের একক স্বাক্ষরে পরিচালিত হবে। এ জন্য পৃথক হিসাব খোলার প্রয়োজন নেই। ইউনিয়ন পরিষদের রেজুলেশন এর মাধ্যমে হিসাব পরিচালনাকারীর পরিবর্তন হবে মাত্র। তবে যে সমস্ত ইউনিয়নে নির্বাচন এবং শপথ গ্রহণ সম্পন্ন হয়েছে সেখানে বর্তমানে প্রচলিত পদ্ধতি অনুসারে নির্বাচিত চেয়ারম্যান, একজন মহিলা সদস্য(সংরক্ষিত) ও ইউপি সচিবের যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হবে। ইউপি সচিবের একক স্বাক্ষরে হিসাব পরিচালনার বিষয়টি বাংলাদেশ নির্বাচন কমিশন কর্তৃক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ হতে শপথ গ্রহনের তারিখ পর্যন্ত বলবৎ থাকবে। উপজেলা নির্বাহী অফিসার এ বিষয়টি সুনিশ্চিত করবেন।

(খ) **অর্থ ছাড় প্রক্রিয়া:** ইউনিয়ন পরিষদ সচিব সংশ্লিষ্ট ইউনিয়নে ইউনিয়ন পরিষদ ''অপারেশনাল ম্যানুয়ালের'' বিধান অনুযায়ী গৃহিত/সমাপ্তকৃত স্কিম তালিকা উপজেলা নির্বাহী অফিসারের নিকট লিখিতভাবে উপস্থাপন করবেন। উপজেলা নির্বাহী অফিসার স্কিম তালিকা চূড়ান্তভাবে অনুমোদন করবেন। অতঃপর উক্ত অনুমোদনের আলোকে ইউনিয়ন পরিষদ সচিব বাস্তবায়িত স্কিমের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি/কমিটি/সংস্থার অনুকূলে যথানিয়মে চেক ইস্যু করবেন। বিল পরিশোধের যথার্থতা নিরূপনের স্বার্থে ইউপি সচিব প্রতিটি চেক এর অনুকূলে উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষরে বিল পরিশোধের নির্দেশ (Payment Advice) ব্যাংকে প্রদান করবেন। ব্যাংক উক্ত নির্দেশমতে চেকের বিপরীতে অর্থ পরিশোধ করবে। পরবর্তীতে অডিটের প্রয়োজনে ইউপি সচিব হিসাব ও Payment Advice এর কপি সংরক্ষণ করবেন। উপজেলা নির্বাহী অফিসারের চূড়ান্ত অনুমোদন ব্যতিরেকে কোন অর্থ ব্যয়/বিল পরিশোধ করা যাবে না।

(গ) **সমাপ্ত স্কিমের ক্ষেত্রে ঃ** এলজিএসপি-২ ও ইউপিজিপি এর তহবিল দ্বারা ইউনিয়ন পরিষদসমূহ বিধিবদ্ধ উপায়ে ওয়ার্ড সভা, উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠান এবং ব্লকগ্রান্ট কো-অর্ডিনেশন কমিটি (বিজিসিসি) এর সভার অনুমোদনের পর স্কিম সুপারভিশন কমিটির তত্ত্বাবধানে কোন স্কিম সমাপ্ত হয়ে থাকলে এরূপ ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার তা যাথাযথভাবে যাচাই করে এবং প্রয়োজনে সরেজমিনে (তিনি নিজে বা ডিষ্ট্রিক্ট ফ্যাসিলিটেটর (ডিএফ)/উপজেলা পর্যায়ের কোন কর্মকর্তার মাধ্যমে) স্কিম পরিদর্শনপূর্বক সন্তুষ্টি সাপেক্ষে বিল পরিশোধ করার জন্য ইউপি সচিবকে লিখিত নির্দেশ প্রদান করবেন। এ বিষয়ে উপ-পরিচালক স্থানীয় সরকার প্রয়োজনীয় মনিটরিং করবেন।

(ঘ) **অনুমোদিত কিন্তু অসমাপ্ত স্কিমের ক্ষেত্রে:** কোন ইউনিয়ন পরিষদ বিধিবদ্ধ উপায়ে ওয়ার্ড সভা, উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠান এবং বিজিসিসি সভার অনুমোদনের পর চূড়ান্ত স্কিম তালিকা হতে প্রকল্প বাস্তবায়নে আগ্রহী হলে ওয়ার্ড কমিটি (ডব্লিউসি) ও স্কিম সুপারিভিশন কমিটি (এসএসসি) পূণ:গঠনের মাধ্যমে স্কিম বাস্তবায়ন করতে পারবে। নির্বাচনে অংশগ্রহণ করছেন এমন কোন ব্যক্তি উক্ত কমিটিদ্বয়ের সদস্য হতে পারবেন না। এ ক্ষেত্রে সরকারি কর্মকর্তা (ট্যাগ অফিসার), স্থানীয় সিভিল সোসাইটির সদস্য বা স্থানীয় সম্ভ্রান্ত ব্যক্তিবর্গের সমন্বয়ে ডব্লিউসি ও এসএসসি গঠন করা যাবে। আলোচ্য ক্ষেত্রেও বিল পরিশোধের আগে উপজেলা নির্বাহী অফিসারের লিখিত অনুমোদনের প্রয়োজন হবে। লিখিত অনুমোদন প্রদানের পূর্বে তিনি অপারেশনাল ম্যানুয়ালের বিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কি-না তা পরীক্ষা করে দেখবেন।

(ঙ) **অননুমোদিত স্কিমের ক্ষেত্রে:** যদি কোন ইউনিয়ন পরিষদ বিধিবদ্ধ উপায়ে ওয়ার্ড সভা, উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠান এবং বিজিসিসি সভার অনুমোদন গ্রহণ করে স্কিম তালিকা অদ্যাবধি চূড়ান্ত না করে থাকে, তবে উপজেলা নির্বাহী অফিসার (নিজে বা ডিষ্ট্রিক্ট ফ্যাসিলিটেটর (ডিএফ)/উপজেলা পর্যায়ের কোন কর্মকর্তার সহায়তায়) স্থানীয় পর্যায়ে সভা অনুষ্ঠানের মাধ্যমে স্কিম বাছাই ও চূড়ান্ত করে (ঘ) এ বর্ণিত উপায়ে ডব্লিউসি ও এসএসসি গঠন করে স্কিম বাস্তবায়নের পদক্ষেপ নিতে পারবেন। উক্ত স্কিম যথাযথ বাস্তবায়ন সাপেক্ষে উপরে (খ) এ বর্ণিত উপায়ে অর্থ ছাড় করা যাবে।

২। ইউপি নির্বাচন অনুষ্ঠান ও শপথ গ্রহণ হয়েছে এরূপ ইউনিয়নের ক্ষেত্রে:

(ক) **ব্যাংক স্বাক্ষরকারী:** নির্বাচিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সংরক্ষিত ওয়ার্ডের একজন মহিলা সদস্য এবং ইউনিয়ন পরিষদ সচিবের যৌথ স্বাক্ষরে হিসাব পরিচালিত হবে। ইউনিয়ন পরিষদ রেজুলেশনের মাধ্যমে হিসাব পরিচালনাকারীদের নাম ও স্বাক্ষর ব্যাংক-কে অবহিত করবে।

(খ) **সমাপ্ত স্কিমের ক্ষেত্রে:** ইউনিয়ন পরিষদসমূহ বিধিবদ্ধ উপায়ে ওয়ার্ড সভা, উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠান এবং বিজিসিসি সভার

(চলমান পাতা-৩)

অনুমোদনের পর ওয়ার্ড কমিটি, স্কিম সুপারভিশন কমিটির তত্ত্বাবধানে কাজ শেষ করে থাকলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত দাবীর যথার্থতা যাচাই করে (প্রয়োজনে নিজে সরেজমিনে কাজ পরিদর্শন করে বা ডিষ্ট্রিক্ট ফ্যাসিলিটেটর (ডিএফ)/উপজেলা পর্যায়ের কোন কর্মকর্তার পরিদর্শন প্রতিবেদনের ভিত্তিতে) বিল পরিশোধ করার অনুমোদন দিতে পারবেন।

(গ) **অনুমোদিত কিন্তু অসমাপ্ত স্কিমের ক্ষেত্রেঃ** অপারেশনাল ম্যানুয়ালে বর্ণিত উপায়ে বাছাইকৃত স্কিম ডব্লিউসি ও এসএসসি গঠনের মাধ্যমে বাস্তবায়ন করা যাবে। তবে এ ক্ষেত্রে নির্বাচিত ইউপি চেয়ারম্যান ও সদস্যকে কমিটিতে রাখতে হবে।

(ঘ) **অননুমোদিত স্কিমের ক্ষেত্রে ঃ** যদি কোন ইউনিয়ন পরিষদ বিধিবদ্ধ উপায়ে ওয়ার্ড সভা, উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠান এবং বিজিসিসি সভার অনুমোদন গ্রহণ করে স্কিম তালিকা অদ্যাবধি চুড়ান্ত না করে থাকে, তবে অপারেশনাল ম্যানুয়ালে বর্ণিত উপায়ে স্কিম বাছাই, ডব্লিউসি ও এসএসসি গঠন করে স্কিম বাস্তবায়ন করবে।

০৩। **নির্বাচন হবে না বা স্থগিত হয়েছে এরূপ ইউনিয়ন পরিষদের ক্ষেত্রে ঃ** নির্বাচন হবে না বা যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক নির্বাচন স্থগিত হয়েছে এরূপ ইউনিয়ন পরিষদসমূহে বর্তমান অর্থ ছাড় পদ্ধতি কার্যকর থাকবে।

০৪। এ পরিপত্র অনতিবিলম্বে কার্যকর হবে। পরিপত্র সম্পর্কে কোন প্রকার দ্বৈততা বা অস্পস্টতা দেখা দিলে সরাসরি নিম্ন ঠিকানায় যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে ঃ

ক) জাতীয় প্রকল্প পরিচালক, দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-২) ও ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রজেক্ট এবং অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, কক্ষ নং. ৬২৫, ভবন নং-৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০, ফোন ঃ ০২-৯৫৫৮৭২৭।

খ) উপ-প্রকল্প পরিচালক, দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট (এলজিএসপি-২) সিটি সেন্টার লেভেল-১০) মতিঝিল বা/এ, ঢাকা-১০০০, ফোন ঃ ০২-৯৫৮০৫০৫(সরাসরি); ও ০২-৯৫৮০৫০১-০২(পিএবিএক্স-১০৪, ১০৮)

গ) প্রজেক্ট ম্যানেজার, ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রজেক্ট, বিয়াম ফাউন্ডেশন, ৬৩ ইস্কাটন, ঢাকা-১০০০, ফোন : ০২-৯৩৪৪৩৫২

০৫। উপর্যুক্ত কর্তৃপক্ষের অনুমতিক্রমে এ পরিপত্র জারী করা হলো।

(মো: এনামুল কাদের খান)
যুগ্মসচিব
ফোন ঃ ৯৫১৪৬৩২

স্মারক নং-৪৬.০১৮.০২৯.০০.০০.০১৩.২০১২(অংশ-১)- ১২৯

তারিখ ঃ ১৯ ফাল্গুন ১৪২২ / ০২ মার্চ ২০১৬

বিতরণ ঃ সদয় জ্ঞাতার্থে/প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ/অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ ও জাতীয় প্রকল্প পরিচালক,দ্বিতীয় লোকাল গভর্ন্যান্স সাপোর্ট প্রজেক্ট(এলজিএসপি-২) ও ইউনিয়ন পরিষদ গভর্ন্যান্স প্রজেক্ট (ইউপিজিপি)।
৩। বিভাগীয় কমিশনার (সকল), ...।
৪। পরিচালক স্থানীয় সরকার(সকল), বিভাগীয় কমিশনারের কার্যালয়, ...।
৫। জেলা প্রশাসক (সকল)..।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। উপ-প্রকল্প পরিচালক, এলজিএসপি-২/প্রকেজক্ট ম্যানেজার, ইউপিজিপি।
৮। উপ-পরিচালক স্থানীয় সরকার(সকল), জেলা প্রশাসকের কার্যালয়,..............................।
৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ...।
১১। ডিস্ট্রিক্ট ফ্যাসিলিটেটর (সকল), এলজিএসপি-২/ইউপিজিপি, জেলা প্রশাসকের কার্যালয়, ...।
১২। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) ....।
১৩। সচিব, ...ইউনিয়ন পরিষদ, ...।

(মো: এনামুল কাদের খান)
যুগ্মসচিব